

কর্মসম্পাদনের সার্বিক চিত্র সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩বছর) প্রধান অর্জনসমূহ ২০২১-২০২২, ২০২২-২০২৩ এবং ২০২৩-২০২৪ অর্থবছরে ১১৭০ জনকে প্রশিক্ষণ প্রদান, ২১২ জনের মধ্যে ৬৯,৯০,০০০/- টাকা ঋণ বিতরণ, ৩৭২ জনকে আত্মকর্মী সৃজন, ০৩টি জনসচেতনতামুক অনুষ্ঠান এবং ০৫টি বেসরকারী সেচ্ছাসেবী যুব সংগঠনকে নিবন্ধন প্রদান করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ : যুব জনসংখ্যা ক্রমবর্ধমান: এ ক্রমবর্ধমান যুবসংখ্যাকে যুবশক্তিতে রূপান্তর করা একটি চ্যালেঞ্জ। দেশের যুবশক্তিকে আত্মকর্মী হিসেবে গড়ে তোলাসহ আন্তর্জাতিক শ্রম বাজারে চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ ট্রেড নির্বাচন, প্রশিক্ষণ প্রদান প্রশিক্ষিত যুবদের প্রয়োজনীয় সহায়তা দিয়ে দক্ষ যুবশক্তি হিসেবে রপ্তানি করা একটি চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনাঃ শিক্ষিত বেকার যুবদের অস্থায়ী কর্মসংস্থানের জন্য সারাদেশে ন্যাশনাল সার্ভিস কর্মসূচি কার্যক্রম সম্প্রসারণ করা হবে। দেশ বিদেশের চাহিদা অনুযায়ী নতুন নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণ করে যুবদের প্রশিক্ষণ প্রদান করা হবে। সমাজ বিরোধী কর্মকান্ড প্রতিরোধে যুবদের সম্পৃক্তকরণের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি করা হবে। ই-লার্নিং প্রক্রিয়ায় মুক্ত পাঠের মাধ্যমে বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রমে যুবদের অধিকহারে সম্পৃক্ত করা হবে। আত্মকর্মীদের মধ্যে থেকে উদ্যোক্তা সৃষ্টি করা হবে।

২০২৪-২০২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

- দেশ বিদেশে কর্মসংস্থানের লক্ষ্যে অপ্রতিষ্ঠানিক ট্রেডে ৪২০জন যুবক ও যুবমহিলাকে প্রশিক্ষণ প্রদান।
- প্রশিক্ষিত যুবদের মধ্যে ৯৩ জনকে ৩৮.৮০ লক্ষ টাকা ঋণ বিতরণের মাধ্যমে স্বাবলম্বী করা।
- আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প স্থাপন ও সম্প্রসারণপূর্বক ১১৭জন আত্মকর্মী সৃষ্টি।
- সমাজ বিরোধী কর্মকান্ড প্রতিরোধে যুবদের সম্পৃক্তকরণের মাধ্যমে ০১টি অনুষ্ঠান আয়োজন ও জনসচেতনতা সৃষ্টি।
- ০১টি যুব সংগঠন নিবন্ধন।